

এবার লেখক আনিসুল হককে হেয় করে কারিগরি বোর্ডে প্রশ্ন

নিজস্ব প্রতিবেদক


১০ নভেম্বর ২০২২ ০৪:০৫

পিএম | আপডেট: ১০

নভেম্বর ২০২২ ০৯:৪৮

পিএম

50
Shares



আনিসুল হক ও বিতর্কিত প্রশ্ন

advertisement

কারিগরি শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার বাংলা দ্বিতীয়পত্রের প্রশ্নপত্রে লেখক ও সাংবাদিক আনিসুল হককে হেয় করার অভিযোগ উঠেছে। গত রোবার এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিষয়টি খতিয়ে দেখে যথাযথ ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছে বোর্ড কর্তৃপক্ষ।

এর আগে চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষায় ঢাকা শিক্ষা বোর্ডের বাংলা প্রথমপত্রে প্রশ্নপত্রে সাম্প্রদায়িক উসকানির অভিযোগ ওঠে। বিষয়টি নিয়ে দেশজুড়ে চলছে আলোচনা-সমালোচনা।

advertisement

কারিগরি বোর্ডের বাংলা-২-এর একটি সৃজনশীল প্রশ্নে উদ্দীপকে লেখক আনিসুল হকের নাম উল্লেখ করে বলা হয়েছে, ‘২১শে বইমেলায় তাড়াহুড়ো করে তিনি বই প্রকাশ করেন। পাঠকদের কাছে তার লেখা খাপছাড়া মনে হয়। ফলে পাঠকদের কাছে তিনি সমাদৃত হন না।’

advertisement 4

কারিগরি বোর্ডের ওই প্রশ্নপত্রের ১ নম্বর প্রশ্নে আনিসুল হক সরাসরি ব্যক্তিগত আক্রমণ করা হয়। এরপর প্রশ্ন করা হয়েছে, ‘(ক) “ঘশ” শব্দের অর্থ কী? (খ) “লেখা ভালো হইলে সুনাম আপনি আসিবে।” উক্তিটি ব্যাখ্যা কর। (গ) আনিসুল হক কোন কারণে ব্যর্থ, তা “বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন” রচনার আলোকে ব্যাখ্যা কর। (ঘ) সাহিত্যের উন্নতিকল্পে “বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন” রচনায় লেখকের পরামর্শ বিশ্লেষণ কর।’

কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান আলী আকবর খান এ বিষয়ে বলেন, এ প্রশ্নপত্র যে শিক্ষক তৈরি করেছেন তাকে খুঁজে বের করে ব্যবস্থা নেওয়া হবে।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির প্রধান অধ্যাপক তপন কুমার সরকার বলেছেন, এ ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে তিনি কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে বলেছেন।

50
Shares